



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : 9553637

web: www.krishibank.org.bd
dgmppd1@krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৩)/২০১৯-২০২০/৮৮৯৯

তারিখ : ০৬.০৮.২০১৯খ্রিঃ

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : বিকেবি, মহিপুর শাখা, পটুয়াখালী এর সাবেক পরিদর্শক মরহুম আব্দুল মোতালিব এর বিধবা স্ত্রী জনাব জুলেখা বেগম নাজমা কর্তৃক মানবিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

শিরোনামে বর্ণিত বিষয়ে বিকেবি, মহিপুর শাখা, পটুয়াখালী এর সাবেক পরিদর্শক মরহুম আব্দুল মোতালিব এর বিধবা স্ত্রী জনাব জুলেখা বেগম নাজমা অত্র বিভাগে মানবিক সাহায্যের একটি আবেদন করেছেন।

০১। আবেদনকারীর স্বামী মরহুম আব্দুল মোতালিব সর্বশেষ পটুয়াখালী অঞ্চলের মহিপুর শাখায় পরিদর্শক হিসেবে কর্মরত ছিলেন। তিনি কর্মরত অবস্থায় বিগত ০১.০১.১৯৯৯ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ১ (এক) ছেলে ও ২ (দুই) কন্যা রেখে যান। ১৫ (পনের) বছর চাকুরীকালে সংশ্লিষ্ট কর্মচারী কোন সম্পদ রেখে যাননি মর্মে আবেদনকারী তার আবেদনে উল্লেখ করেছেন। আবেদনকারী কোন মতে ধার-দেনা করে, অস্বচ্ছল পিতার সাহায্য নিয়ে, অন্যের বাড়িতে বি।এ এর কাজ করে এবং ছোট ছোট বাচ্চাদের প্রাইভেট পড়িয়ে সংসার পরিচালনা করে আসছেন। ইতোমধ্যে একমাত্র ছেলেকে এম.এ (পাস) এবং ২ মেয়েকে বি.এ (পাস) করিয়েছেন। সংসারের স্বচ্ছলতার আশায় ছেলেটি চাকুরীর খোঁজে ঢাকাতে থাকাকালীন সময়ে মারাত্মক Chronic liver disease e portal hypertension e meningo-encephalitis রোগে আক্রান্ত হন। বিশেষজ্ঞ চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য ভারতে নেওয়ার জন্য পরামর্শ দিয়েছেন। কৃষি ব্যাংক পরিবারের একজন সদস্য হিসাবে ছেলের চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন করেছেন। বিকেবি, আমতলী শাখায় আবেদনকারীর সঞ্চয়ী হিসাব নং-০৬০৬-০৩১১০২৯০৮৮ (অনলাইন) এর মাধ্যমে আর্থিক সাহায্য প্রেরণের জন্য অনুরোধ করেছেন।

০২। এমতাবস্থায়, উল্লেখিত আবেদনের পরিপ্রেক্ষিতে মানবিক বিবেচনায় বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের যার যা সাধ্যমত আর্থিক সাহায্য বিকেবি, আমতলী শাখা, বরগুনায় পরিচালিত আবেদনকারী জনাব জুলেখা বেগম নাজমা এর সঞ্চয়ী হিসাব নং-০৬০৬-০৩১১০২৯০৮৮ তে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত


(মোহাম্মদ সেলিম হোসেন)
০৬.০৮.১৯


উপ-মহাব্যবস্থাপকের দায়িত্বে

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৩)/২০১৯-২০২০/৮৮৯৯ (৩)

তারিখঃ ০৬.০৮.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪. সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (মানবিক সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৬. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১. নথি/অফিস নথি।


(খালেদুজ্জামান ইয়ামিন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা